দামুড়হুদায় মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

দামুড়হুদায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা প্রশাসনের আয়োজনে বুধবার বেলা ১১টার সময় উপজেলা পরিষদ মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোছাঃ মমতাজ মহল। এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, দামুড়হুদা উপজেলা জামায়াতে ইসলামীর আমির মোঃ নায়েব আলী, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা প.প কর্মকর্তা হেলেনা আক্তার নিপা, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি হুমায়ূন কবির, দর্শনা থানার সেকেন্ড অফিসার অনুপ কুমার ঘোষ, দামুড়হুদা প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা পাট অফিসার রিয়াজুল ইসলামসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানগণ, সাংবাদিক, মুক্তিযোদ্ধা ও সুধীজন উপস্থিত ছিলেন।

সভায় দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। এর মধ্যে রয়েছে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, প্রভাতফেরি, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও রচনা প্রতিযোগিতা।

সভাপতির বক্তব্যে ইউএনও বলেন, “ভাষা শহীদদের স্মরণে আমরা একত্রিত হয়েছি। সকলের সহযোগিতায় দিবসটি যথাযথভাবে উদযাপন করা হবে। সভা শেষে সবাইকে কর্মসূচিতে সক্রিয় অংশগ্রহণের আহ্বান জানানো হয়।

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

চুয়াডাঙ্গায় যথাযোগ্য মর্যাদার সাথে পালিত হয়েছে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও শহীদ দিবস। বুধবার একুশে ফেব্রুয়ারির প্রথম প্রহরে রাত বারোটা এক মিনিটে চুয়াডাঙ্গার কেন্দ্রীয় শহীদ মিনারে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানানোর জন্য একতা হয় চুয়াডাঙ্গা জেলার রাজনৈতিক সামাজিক সাংস্কৃতিক স্বেচ্ছাসেবী ও পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ এ সময় তারা ফুল দিয়ে ভাষা শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

রাত বারোটা এক মিনিটে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি প্রথমে ফুল দিয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন।

এরপর চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম- সেবা, চুয়াডাঙ্গা সরকারি কলেজের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন অধ্যক্ষ প্রফেসর ড.এ কে এম সাইফুর রশিদ। জেলা পরিষদের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন জেলা পরিষদ চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা প্রেসক্লাব সভাপতি সাধারণ সম্পাদক, চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের পক্ষ থেকে সভাপতি সাধারণ সম্পাদক পুষ্পস্তবক অর্পণ করেন।এরপর রাজনৈতিক সংগঠনের মধ্যে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, সেচ্ছাসেবক লীগ, কৃষক লীগ। জেলা বিএনপি পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয় এময় যুবদল, ছাত্রদল,সেচ্ছাসেবক দল এ পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ড,রেড ক্রিসেন্ট সোসাইটি ইউনিট, চুয়াডাঙ্গা জেলা রোভার,জেলা স্কাউটস এর পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এরপর বুধবার আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রভাত ফেরী সকাল ছয়টা থেকে শুরু হয়ে চলে দিনব্যাপী। এ সময় সকাল থেকে শ্রদ্ধা জ্ঞাপনের জন্য ভিড় করতে থাকে বিভিন্ন স্কুল কলেজ মাদ্রাসা সামাজিক সংগঠন পেশাজীবি সংগঠন রাজনৈতিক সংগঠন সহ সাংস্কৃতিক সংগঠনের